আজকের কাগজ

তারিখ 20 JUN 1995
পৃষ্ঠা ৭ কলাম ৫

1/8

# অক্টোবরে ডাকসু নির্বাচনের সম্ভাবনা

শাহ নিসতার জাহান : ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন আগামী অক্টোবরে অনুষ্ঠিত হচ্ছে বলে একটি নির্ভরযোগ্য সূত্র জানিয়েছে। আগামী সংসদ নির্বাচনের আগেই নির্বাচনের কাজটি সেরে ফেলার ব্যাপারে কর্তৃপক্ষ বেশ আগ্রহী বলে জানা গেছে। বিভিন্ন ছাত্র সংগঠন ডাকসু নির্বাচনের ব্যাপারে বিভিন্ন সময় তাগিদ দিয়ে আসছে। বিশেষ করে বিএনপি সমর্থিত ছাত্র সংগঠন ছাত্রদল এবং গণতান্ত্রিক ছাত্র ঐক্য এ বিষয়ে বেশি আগ্রহ দেখাচ্ছে। আওয়ামী লীগ সমর্থিত ছাত্রলীগ (শা-পা) ডাকসু নির্বাচনের আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি সুষ্ঠু পরিবেশের দাবি করে আসছে। এ ব্যাপারে ছাত্রলীগ সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্না বলেন, আমরা সর্বদাই গণতান্ত্রিক চেতনার পক্ষে। দেশে সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ তৈরি করার পক্ষে ছাত্রলীগ কাজ করেছে এবং করবে। সে হিসেবে আমরা ডাকসু নির্বাচন চাই অবশ্যই। কিন্তু নির্বাচনের জন্যে যে রকম পরিবেশ হল বা ক্যাম্পাসে থাকা দরকার তা এখনো আসেনি। ইসহাক আলী খান পান্না বিভিন্ন হলে সন্ত্রাসীরা বিরাজ করছে বলে মনে করেন। তাদের সংগঠনের সমর্থক ও কর্মিরা হলে অবস্থান করতে পারছে না বলে তিনি জানান।

১৯৯০ সালের ৬ জুন সর্বশেষ ডাকসু নির্বাচন অনুষ্ঠিত হয়। তারপর থেকে ওই ডাকসু নেতারাই বিভিন্ন পদমর্যাদায় রয়েছেন। এদের অনেকেই এখন জীবন ও জীবিকা বা পেশাগত কারণেই আর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সম্পর্ক রাখতে পারছেন না। বেশ ক'জন হয়েছেন দেশান্তরী। ফলে ডাকসু নেতৃবৃন্দের কার্যক্রম অথর্ব অবস্থায় রয়েছে। এ প্রেক্ষিতে ১৯৯৪'র আগস্ট মাসে একবার ডাকসু নির্বাচনের তারিখ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ঘোষণা করে। কিন্তু তৎকালীন ছাত্রলীগ (ম-ই) সে নির্বাচন বয়কট করে এবং ক্যাম্পাস পরিস্থিতি ডাকসু নির্বাচনের পরিবেশের অনুপযোগী বলে ঘোষণা করে। তারা একই সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এমাজউদ্দিন আহমদের পদত্যাগ দাবি করেছিলো এবং ওই ভিসির অধীন ডাকসু নির্বাচন করবে না বলে তারা জানিয়েছিলো। ছাত্রলীগের সে কমিটির বদল হয়েছে। সময়ও অনেক গড়িয়েছে। এখন ছাত্রলীগ একটি সুষ্ঠু পরিবেশে নির্বাচনে আগ্রহী। কিন্তু সে পরিবেশ বিশ্ববিদ্যালয়ে তৈরি হয়নি বলে বেশ ক'জন নেতা-কর্মির অভিমত। ছাত্রদল যে কোনো সময় ডাকসু নির্বাচনে আগ্রহী বলে জানা গেছে। তারা মনে করে বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠু পরিবেশ রয়েছে।

এ ব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এমাজউদ্দিন আহমদের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, ডাকসু নিয়ে এখনো তেমনভাবে চিন্তা করা হয়নি। আগামী ২৮ জুন বিশ্ববিদ্যারয়ের বাজেট ঘোষণা করা হবে। বাজেটের পর সবাইকে নিয়ে বসবো ডাকসু নির্বাচন বিষয়ে মতামত নেয়ার জন্যে। তারপরই সব ঠিক হবে।